



WORLD KARATE FEDERATION

KUMITE COMPETITION RULES

Valid from 1.1 .2023


CONTENT

ARTICLE 1: KUMITE COMPETITION AREA.....	3
ARTICLE 2: ATTIRE AND PROTECTIVE EQUIPMENT	5
ARTICLE 3: ORGANISATION OF KUMITE COMPETITIONS	9
ARTICLE 4: THE REFEREE PANEL.....	15
ARTICLE 5: DURATION OF BOUT	17
ARTICLE 6: KIKEN – FAILURE TO APPEAR AT THE TATAMI.....	18
ARTICLE 7: STARTING, SUSPENDING AND ENDING OF MATCHES....	19
ARTICLE 8: SCORING	21
ARTICLE 9: PROHIBITED BEHAVIOUR.....	23
ARTICLE 10:.....WARNINGS & PENALTIES	24
ARTICLE 11:.....INJURIES AND ACCIDENTS IN COMPETITION	28
ARTICLE 12:.....CRITERIA FOR DECISION	30
ARTICLE 13:.....OFFICIAL PROTEST	33
ARTICLE 14:.....VIDEO REVIEW REQUEST	36
ARTICLE 15:.....POWERS AND DUTIES OF OFFICIALS	38
ARTICLE 16: ADOPTATION OF THESE RULES TO EVENTS OUTSIDE THE WKF OFFICIAL EVENT PROGRAMME	41
APPENDIX 1 : THE TERMINOLOGY.....	42
APPENDIX 2 : GESTURES AND FLAG SIGNALS.....	44
APPENDIX 3 : CATEGORIES, AGE & WEIGHT DIVISIONS	49
APPENDIX 4 : OFFICIAL PROTEST FORM.....	50
APPENDIX 5: TWO JUDGE SYSTEM (APPLICABLE TO YOUTH LEAGUE ONLY)	51

ARTICLE 1: KUMITE COMPETITION AREA


অধ্যায় ১ : কুমিতে প্রতিযোগিতার স্থান

- 1.1 The competition area will be a WKF Approved matted square, with sides of eight metres (measured from the outside) with the mats in the outer one-meter area in red, marking the boundary.
- ১.১ প্রতিযোগিতার স্থানটি হবে চতুষ্কোণ আকৃতির যা ডব্লিউকেএফ অনুমোদিত ম্যাট দ্বারা আচ্ছাদিত থাকবে। ম্যাটের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত হতে হবে ৮ মিটার (মোট ৮ বর্গমিটার), যেক্ষেত্রে সীমানা চিহ্নিত করার সুবিধার্থে ম্যাটের চতুর্পাশের শেষ এক মিটার ম্যাট হবে লাল রঙের।



- 1.2 In addition, there will be at a further 2 metres matted safety area on all sides of the competition area. This may be reduced to 1.5 metres to accommodate number of Tatami where the sports hall has insufficient space for 2 metres.
- ১.২ এরপর চতুর্পাশে আরো ২ মিটার জায়গা উন্মুক্ত রাখতে হবে যা অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা হিসেবে বিবেচিত হবে। স্থান সংকুলনের সুবিধার্থে এটি ২ মিটারের স্থলে ১.৫ মিটার করা যেতে পারে।

- 1.3 There must be no advertisements, signs, walls, pillars etc. within one metre of the safety area's outer perimeter.
- ১.৩ Safety area এর প্রান্তসীমা হতে ১ মিটার ভেতরে কোন বিজ্ঞাপনী বোর্ড, দেয়াল, পিলার ইত্যাদি থাকতে পারবে না।
- 1.4 Where monitors or displays are placed between the competition areas these must be placed far enough from the competition areas to allow a safety area of 1.5 metres between competition areas on all sides. (The monitors must be placed minimum 1.5 metres from the outside of the red warning areas).
- ১.৪ যদি খেলা পরিচালনায় মনিটর ব্যবহার করা হয় সেক্ষেত্রে প্রতিযোগীতার প্রান্তসীমা থেকে সর্বনিম্ন ১.৫ দূরত্বে মনিটর বসানো যেতে পারে।
- 1.5 If the competition area is elevated another meter to a total of 3 metres is required on all sides.
- ১.৫ যদি ভূমি থেকে উঁচু কোন স্থান বা স্টেজে খেলা আয়োজিত হয় সেক্ষেত্রে উপরোল্লিখিত নিরাপত্তা বলয় এর বাইরে চতুর্পাশে আরো ১ মিটার বাড়তি জায়গা অর্থাৎ মোট ৩ মিটার জায়গা নিরাপত্তার জন্য উন্মুক্ত রাখতে হবে।



- 1.6 Two mats are inverted with the red (or otherwise coloured) side turned up in one metre distance from the mat centre to form a boundary between the Competitors. When starting or resuming combat the Competitors will be standing front and centre on the mat facing each other.
- ১.৬ স্থাপিত ম্যাটের কেন্দ্র হতে দুইদিকে ১ মিটার দূরত্বে ১ টি করে মোট দুইটি ম্যাট উল্টিয়ে ম্যাটের লাল রং বিশিষ্ট পৃষ্ঠদেশ প্রদর্শন পূর্বক পুনরায় প্রতিস্থাপন করতে হবে যা দুইজন প্রতিযোগীর মাঝে সীমারেখা নির্ধারনী স্থান হিসেবে ব্যবহৃত হবে। ম্যাটের প্রান্তে প্রতিযোগিবৃন্দ উক্ত ম্যাট দ্বয়ের কেন্দ্রে, পরস্পরের দিকে মুখ করে দাঁড়াবে।
- 1.7 The Referee (SHUSHIN) will be standing centred between the two mats facing the Competitors at a distance of two metres from the boundary of the competition area.
- ১.৭ রেফারীর অবস্থান হবে উভয় প্রতিযোগীর দিকে মুখ করে, উভয়ের থেকে সমান দূরত্বে এবং ম্যাট এর Safety Area থেকে ২ মিটার ভিতরে।
- 1.8 Each Judge (FUKUSHIN) will be seated at the corners on the Tatami in the safety area. The Referee may move around the entire Tatami, including the safety area where the Judges are seated. Each Judge will be equipped with a red and a blue flag or electronic signal device.
- ১.৮ একজন করে জাজ ম্যাটের প্রত্যেক কোণে Safety Area তে বসবে। রেফারী খেলা পরিচালনার সুবিধার্থে Tatami এর সর্বত্র অবস্থান নিতে পারবে। প্রয়োজনে খেলা চলাকালীন সময়ে রেফারী Safety Area তে অবস্থান করতে পারবে। প্রত্যেক জাজ এর কাছে একটি লাল ও একটি নীল ফ্ল্যাগ অথবা ইলেক্ট্রনিক সিগনাল ডিভাইস থাকবে।
- 1.9 The Match Supervisor (KANSA) will be seated just outside the safety area, behind, and to the left or right of the Referee. He/she will be equipped with a whistle.
- ১.৯ ম্যাচ সুপারভাইজার (Kansa) এর অবস্থান হবে Safety Area এর বাইরে এবং রেফারীর প্রাথমিক অবস্থানের ঠিক পিছনে বামে বা ডানে। তার কাছে একটি বাঁশি থাকবে।
- 1.10 The Score Supervisor will be seated at the official score table besides the score/timekeeper, and where video is deployed, so will the Video Review Supervisors.
- ১.১০ প্রতিযোগিতার অফিসিয়াল টেবিলে Score Keeper এবং যেক্ষেত্রে ভিডিও রিভিউর ব্যবস্থা আছে সেক্ষেত্রে Video Review Score Supervisor গনও বসবে।
- 1.11 Coaches will be seated outside the safety area, on their respective sides of

the Tatami towards the official table. In cases where the configuration of Tatami makes it impractical to place the Coaches facing the official table, they may instead be placed on each side of the official table. If in such cases video review is used, Coach supervisors must be deployed.

১.১১ প্রতিযোগীদের কোচ Safety Area এর বাইরে, অফিসিয়াল টেবিলের দিকে মুখ করে এবং যার যার প্রতিযোগীর পার্শ্ববর্তী অংশে বসবে। যদি ম্যাটের অবস্থানের কারণে কোচদের অফিসিয়াল টেবিলের মুখমুখি বসাতে অসুবিধা হয় সেক্ষেত্রে কোচদ্বয়কে অফিসিয়াল টেবিলের উভয় পার্শে। এ ধরনের ক্ষেত্রে যদি ভিডিও রিভিউ ব্যবস্থা ব্যবহৃত হয় সেক্ষেত্রে কোচ সুপারভাইজারও নিয়োগ দিতে হবে।

1.12 Where the Tatami area is elevated, the Coaches will be placed outside the elevated area behind their respective Competitors.

১.১২ যেক্ষেত্রে Tatami কোন উঁচু অবস্থানে বা স্টেজে স্থাপন করা হয় সেক্ষেত্রে কোচদ্বয় অবস্থান নিবে নিচে এবং স্ব-স্ব প্রতিযোগীর পেছনে।

ARTICLE 2: ATTIRE AND PROTECTIVE EQUIPMENT

অধ্যায় ২ :পোশাক এবং নিরাপত্তা সরঞ্জাম

2.1 Referees and Judges

২.১ রেফারী ও জাজবৃন্দ

2.1.1 The official uniform will be as follows:

- a) A single-breasted navy-blue blazer (colour code 19-4023 TPX).
- b) Plain light-grey trousers without turn-ups (colour code 18-0201 TPX).
- c) A white shirt with short sleeves.
- d) Plain dark blue or black socks and black slip-on shoes for use on the match area.
- e) An official tie, worn without tiepin.
- f) A black whistle with a discreet white cord for the whistle.

২.১.১ অফিসিয়াল পোশাক নিম্নে বর্ণিত হলো:

- ক) এক প্রস্থ বিশিষ্ট নেভী ব্লু ব্লেজার,
- খ)) হালকা ধূসর রং এর একরকম টাউজার যেটির পা এ ভাজ করা বর্ডার থাকতে পারবে না
- গ) হাফ হাতা সাদা শার্ট,
- ঘ) এক রকম কালো বা গাঢ় নীল মোজা এবং ম্যাটে পরিধান করার জন্য কালো জুতা।
- ঙ) টাইপিন ব্যতীত অফিসিয়াল টাই,
- চ) কালো বাঁশি এবং বাঁশি ঝুলানোর জন্য সাদা কর্ড

2.1.2 The following additions to attire are allowed:

- a) A plain wedding band.
- b) Voluntary religious headwear approved by the WKF.
- c) A hairclip and discreet earrings.
- d) Hair must be worn off the shoulders and make-up must be discreet.
- e) Heels of more than 4 cm may not be worn with the uniform.

২.১.২ এর বাইরে যা পরিধান করার অনুমোদন রয়েছে তা নিম্নে বর্ণিত হলো ঃ

- ক) চুলের জন্য এক রঙা ব্যান্ড
- খ) WKF অনুমোদিত ঐচ্ছিক ধর্মীয় হিজাব ব্যবহার করতে পারবে।
- গ) হেয়ার ক্লিপ ও ঝুঁকিহীন কানের দুল
- ঘ) কাঁধের নিচ থেকে চুল বাধা থাকতে হবে এবং মেকাপ অতিরঞ্জিত হবে না।
- ঙ) জুতার হিল ৪ সেমি. এর বেশি হতে পারবে না

2.1.3 Referees and Judges must wear the official uniform at all tournaments, briefings, and courses.

২.১.৩ সকল টুর্নামেন্ট রেফারী ব্রিফিং, রেফারী কোর্সে, রেফারী ও জাজবৃন্দকে অবশ্যই অফিসিয়াল পোশাক পরিধান করতে হবে।

- 2.1.4 For multisport events where a cross-sport uniform is provided for Referees at the cost of the LOC with the feel & look of the specific event, the official uniform for Referees might be substituted by that common uniform, provided that it is requested in writing to the WKF by the event organiser and formally approved by the WKF.
- ২.১.৪ অলিম্পিক গেমস, ইয়ুথ অলিম্পিক গেমস, কন্টিনেন্টাল গেমস এবং অন্যান্য মাল্টিস্পোর্টিং ইভেন্ট প্রকারভেদে LOC এর অনুদানে রেফারীদের জন্য ক্রস-স্পোর্টিং পোশাক সরবরাহ করা হয়। এক্ষেত্রে ইভেন্ট আয়োজকরা WKF এর নিকট লিখিত আবেদন করে এবং WKF আনুষ্ঠানিকভাবে অনুমোদন প্রদান করবে।
- 2.1.5 If the Chief Referee agrees, refereeing officials may be allowed to remove their blazers.
- ২.১.৫ চীফ রেফারী সম্মত হলে, রেফারী কর্মকর্তাদের তাদের ব্লেজার খুলে রাখার অনুমতি দেওয়া হতে পারে।
- 2.1.6 The Referee Commission or Chief Referee may refuse the participation of any official who does not comply with this regulation.
- ২.১.৬ অফিসিয়াল পোশাক পরিচ্ছদ সংক্রান্ত নিয়মাবলীর লঙ্ঘন করলে রেফারী কমিশন বা চীফ রেফারী যে কোন কর্মকর্তাকে প্রত্যাখ্যান করতে পারবে।

2.2 Competitors

২.২ প্রতিযোগীবৃন্দ

- 2.2.1 Competitors must wear a WKF approved white Karategi without stripes, piping or personal embroidery other than specifically allowed by the WKF EC and specified in the bulletin for the competition:


- ২.২.১ প্রতিযোগীদের অবশ্যই সাদা কারাতে-গী পরিধান করতে হবে এবং তাতে কোন প্রকার স্ট্রাইপ, পাইপিং বা এমব্রোডারি থাকতে পারবে না যদি না WKF EC কর্তৃক এইধরনের বিশেষ কোন চিহ্ন পোশাকে থাকার অনুমোদন না থাকে।

- a) For all official WKF events (World Championships and Karate 1 - Premier League, Series A and Youth League), the Karategi must have embroidered brands on the shoulders in respectively red or blue according to drawing. Exceptions are incumbent Senior World Champions and Premier League Grand Winners, whom must instead of the red or blue have embroidered brands in gold.

ক) সকল অফিসিয়াল WKF ইভেন্টে (ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশীপ এবং কারাতে ১-প্রিমিয়ার লীগ, সিরিজ এ এবং ইয়োথ লীগ), কারাতে গী এর জ্যাকেটের কাঁধে টাই এর অনুসারে লাল বা নীল স্ট্রাইপ থাকতে হবে। একমাত্র ব্যাতীক্রম হলো সিনিয়র ওয়ার্ল্ড চ্যাম্পিয়ন এবং প্রিমিয়ার লীগের গ্র্যান্ড চ্যাম্পিয়নের ক্ষেত্রে যারা সোনালী স্ট্রাইপ পরিধান করবে।

- b) The national emblem or flag of the country will be worn on the left breast of the jacket and may not exceed an overall size of 12cm by 8cm.
- খ) জাতীয় পতাকা বা প্রতীক পোশাকের বামপাশে বুকের উপর থাকতে হবে এবং তা কোন অবস্থায় ১২ সে.মি. বাই ৮ সে.মি. এর বেশী হতে পারবে না
- c) Only the original manufacturer's labels may be displayed on the Karategi.
- ঘ) কেবলমাত্র কারাতে এর মূল প্রস্তুতকারকের কেবলমাত্র কারাতে-গী তে প্রদর্শিত হতে পারবে
- d) In addition, identification issued by the Organising Committee will be worn on the back.
- ঙ) এছাড়া আয়োজক সংস্থা কর্তৃক প্রদত্ত খেলোয়াড় সনাক্তকরণ নম্বর পোশাকের পিঠের উপর পরিধান করতে হবে
- e) Competitors or teams must wear a WKF Approved red belt (AKA) or blue belt (AO) as allocated by the draw, without any personal embroideries or advertising or markings other than the customary label from the manufacturer. Belts of grade cannot be worn during the performance.
- চ) প্রতিদ্বন্দ্বীদের একজন লাল বেল্ট এবং অপরজনকে অবশ্যই নীল বেল্ট পরিধান করতে হবে এবং তাতে প্রস্তুতকারকের লেভেল ছাড়া কোন ব্যক্তিগত এমব্রোডারি বা বিজ্ঞাপন বা অন্য কোন চিহ্ন ব্যবহার করা যাবে না। ব্যক্তিগত গ্রেডিং বেল্টও প্রতিযোগিতায় অংশ নেয়ার সময় ব্যবহার করা যাবে না।

- f) The red and blue belts must be around five centimetres wide and of a length sufficient to allow fifteen centimetres free on each side of the knot but not longer than three-quarters thigh length
- ছ) বেল্ট ৫ সে.মি. এর কাছাকাছি প্রশস্ত হতে হবে। বেল্ট গীট দিয়ে পড়ার পর গীটের উভয়পাশে বেল্টের দৈর্ঘ্য ন্যূনতম ১৫ সে.মি থাকতে হবে, তবে তার দৈর্ঘ্য কোনভাবেই উরুর তিন-চতুর্থাংশের বেশী হতে পারবে না।
- g) The jacket, when tightened around the waist with the belt, must be of a minimum length that covers the hips, but must not be more than three-quarters thigh length.
- জ) জ্যাকেটটি যখন বেল্ট দ্বারা কোমরে আটসাঁট করে বেধে রাখা হবে, তখন এটার ন্যূনতম দৈর্ঘ্য এমন হতে হবে যেন প্রতিযোগীর হিপ ঢাকা থাকে কিন্তু অবশ্যই উরুর তিন চতুর্থাংশ দৈর্ঘ্যের থেকে লম্বা হতে পারবে না।
- h) Female Competitors can wear a plain white T-shirt beneath the Karate jacket.
- ঝ) মহিলা প্রতিযোগীরা কারাতে জ্যাকেটের নিচে একরঙা সাদা টিশার্ট পরিধান করতে পারবে।
- i) Jackets without ties cannot be used. The jacket ties holding the jacket in place must be tied at the beginning of the bout. If they are torn off during the bout, the Competitor is not required to change the jacket.
- ঞ) জ্যাকেটে অবশ্যই দুইপাশে ফিতা দিয়ে বাঁধা থাকতে হবে। জ্যাকেটের ফিতা অবশ্যই বাউন্টের শুরুতে বাঁধা থাকতে হবে। ম্যাচ চলাকালীন সময়ে ফিতা ছিঁড়ে গেলে প্রতিযোগীর জ্যাকেট পরিবর্তন করার দরকার নেই।
- j) The maximum length of the jacket sleeves must be no longer than the bend of the wrist and no shorter than halfway down the forearm.
- ট) জ্যাকেট হাতার দৈর্ঘ্য কব্জির থেকে লম্বা এবং বাহু থেকে কব্জির অর্ধেকের থেকে ছোট হওয়া যাবে না।
- k) Jacket sleeves cannot be rolled up.
- ঠ) জ্যাকেট হাতা গুটানো যাবে না।
- l) The trousers must be long enough to cover at least two thirds of the shin and must not reach below the anklebone. Trouser legs cannot be rolled up.
- ড) ট্রাউজার্স পর্যাপ্ত লম্বা থাকতে হবে যেন পায়ের অন্তত দুই তৃতীয়াংশ ঢাকা থাকে এবং গোড়ালি থেকে নিচে না নামে। ট্রাউজার এর পা গুটানো যাবে না।



2.2.2 Kumite team members must all wear the same type of Karategi. Where stripes are used these must be the same for all team members.

২.২.২ দলগত কুমিতে ইভেন্টে দলসমূহের সদস্যদের সকলের একই ধরনের কারাতেগী পরিধান করতে হবে। যেক্ষেত্রে স্ট্রাইপস প্রযোজ্য সেক্ষেত্রে সবার স্ট্রাইপস একই হতে হবে।

2.2.3 The WKF Executive Committee can authorise the display of special labels or trademarks of approved sponsors.

২.২.৩ কার্যনির্বাহী কমিটি অনুমোদিত পৃষ্ঠপোষকের যেকোন বিশেষ লেবেল কিংবা ট্রেডমার্ক প্রদর্শনের অনুমোদন প্রদান করতে পারে।

2.2.4 Competitors must keep their hair clean and cut to a length that does not obstruct smooth bout conduct. Hachimaki (headband) will not be allowed.

২.২.৪ প্রতিযোগীদের অবশ্যই চুল পরিষ্কার রাখতে হবে এবং চুল এমন দৈর্ঘ্যে কাটা থাকতে হবে যেন বাউট চলাকালীন সময়ে কোন বাঁধা সৃষ্টি না করে। হাচিমাকি (হ্যাডব্যান্ড) অনুমোদিত নয়।

2.2.5 Hair slides are prohibited, as are metal hairgrips. Ribbons, beads and other

decorations are prohibited. One or two discreet rubber bands on a single ponytail is permitted.

২.২.৫ চুলে পিন বা কাটা ব্যবহার করা নিষেধ, একই সাথে কোন ধাতব চুল বন্ধনি, চুলের ফিতা, বেণনী এবং অন্যান্য সাজ-সজ্জা করা নিষেধ। একটি মাত্র পনিটেইলে একটি কিংবা দুটি রাবার ব্যান্ড পরা অনুমোদিত।

2.2.6 Competitors may use voluntary religious headwear approved by the WKF: A black plain fabric head scarf covering the hair, but not the neck or throat area.

২.২.৬ প্রতিযোগীরা WKF অনুমোদিত ঐচ্ছিক ধর্মীয় হিজাব ব্যবহার করতে পারবে। একটি একরঙা কালো স্কার্ফ দিয়ে চুল ঢাকা যাবে কিন্তু গলা ঢাকা পড়তে পারবে না।

2.2.7 Competitors must have short fingernails and must not wear metallic or other objects, which might injure their opponents. The use of metallic teeth braces must be approved by the Referee and the Tournament Doctor. The Competitor accepts full responsibility for any injury.

২.২.৭ প্রতিযোগীকে অবশ্যই নখ ছোট রাখতে হবে এবং প্রতিপক্ষকে আহত করতে পারে এধরণের কোন প্রকার ধাতব কিংবা অন্যান্য বস্তু পরিধান করা যাবে না। ধাতব টিথ ব্রেস ব্যবহার করতে হলে তা রেফারি এবং টুর্নামেন্ট ডাক্তার দ্বারা অনুমোদিত হতে হবে। যেকোন ধরণের দুর্ঘটনার দায়-দায়িত্ব প্রতিযোগী নিজে বহন করবে।

2.2.8 The following protective equipment is compulsory:

- a) WKF approved mitts, one Competitor wearing red and the other wearing blue.
- b) Gum shield.
- c) WKF approved body protector (respectively male and female design as applicable)
- d) WKF approved shin pads, one Competitor wearing red and the other wearing blue.
- e) WKF approved foot protection, one Competitor wearing red and the other wearing blue.
- f) WKF approved groin guards for men.

২.২.৮ নিম্নলিখিত নিরাপত্তা সরঞ্জামাদি ব্যবহার বাধ্যতামূলক-

ক) WKF অনুমোদিত গ্লাভস একজন প্রতিযোগী লাল এবং অন্য প্রতিযোগী নীল পরিধান করবে।

খ) গাম শিল্ড

গ) WKF অনুমোদিত বডি প্রটেক্টর (পুরুষ এবং মহিলা সকল প্রতিযোগীর জন্য প্রযোজ্য ডিজাইনের প্রটেক্টর ব্যবহার করতে হবে।)

ঘ) WKF অনুমোদিত শিন প্যাড। একজন প্রতিযোগী লাল এবং অন্য প্রতিযোগী নীল পড়বে।

এ) WKF অনুমোদিত ফুট প্রটেক্টর। একজন প্রতিযোগী লাল এবং অন্য প্রতিযোগী নীল পড়বে।

চ) পুরুষ প্রতিযোগীদের জন্য WKF অনুমোদিত গ্রোয়িন প্রটেক্টর।

2.2.9 In addition, for Competitors <14 years of age the use of WKF Approved Faces mask or protective WKF Helmet and Chest Protector is compulsory. For the same age group, starting 1.1.2024, the protective WKF Helmet will be compulsory from 1.1.2024, providing a transition period of all of 2023 where either protection (WKF Approved Face mask or WKF Helmet) can be used.

২.২.৯ এছাড়া অর্ধ ১৪ বয়সের প্রতিযোগীদের জন্য WKF অনুমোদিত ফেস মাস্ক বা WKF নিরাপত্তা হেলমেট এবং চেস্ট প্রটেক্টর এর ব্যবহার অত্যাৱশক করা হয়েছে। ১-১-২০২৪ সাল থেকে WKF নিরাপত্তা হেলমেট এর ব্যবহার অত্যাৱশক করা হয়েছে তবে পুরো ২০২৩ সাল WKF অনুমোদিত ফেস মাস্ক বা WKF নিরাপত্তা হেলমেট এর যেকোনটি ব্যবহার করা যেতে পারে।

2.2.10 Glasses are forbidden. Soft contact lenses can be worn at the Competitor's own risk.

২.২.১০ চশমা নিষিদ্ধ। প্রতিযোগীর নিজ দায়িত্বে সফট কনটেক্ট লেন্স পরিধান করতে পারবে।

2.2.11 The wearing of any unauthorised apparel, clothing or equipment is forbidden.

২.২.১১ অননুমোদিত পোশাক-পরিচ্ছেদ বা সরঞ্জাম পরিধান করা নিষিদ্ধ।

2.2.12 It is the duty of the Match Supervisor to ensure, before each match or bout, that the Competitors are wearing the approved equipment. All protective equipment must be WKF Approved.

২.২.১২ ম্যাচ বা বাউট শুরুর আগে ম্যাচ সুপারভাইজারের দায়িত্ব হলো সকল প্রতিযোগী অনুমোদিত সরঞ্জামাদি পরিধান করেছে কিনা তা নিশ্চিত করা। সকল নিরাপত্তা সরঞ্জামাদি WKF অনুমোদিত হতে হবে।

2.2.13 In the case of Continental Federations, they will limit themselves to providers and brands already approved for WKF. National Federation must also accept all WKF approved equipment for all local, regional or national competitions.

২.২.১৩ মহাদেশীয় ফেডারেশনের ক্ষেত্রে WKF অনুমোদিত সরঞ্জামাদি সরবরাহকারী ও ব্র্যান্ড সমূহের মধ্যেই অবশ্যই সীমাবদ্ধ থাকতে হবে। জাতীয় ফেডারেশনের ক্ষেত্রে WKF অনুমোদিত সরঞ্জামাদি সরবরাহকারী ও ব্র্যান্ড অবশ্যই গ্রহণযোগ্য হবে।

2.2.14 The use of bandages, padding, or supports because of injury must be approved by the Referee on the advice of the Tournament Doctor.

২.২.১৪ আঘাতের কারণে ব্যান্ডেজ, প্যাডিং কিংবা কোন সাপোর্টের ব্যবহার, টুর্নামেন্ট ডাক্তারের পরামর্শক্রমে রেফারী দ্বারা অনুমোদিত হতে হবে।

2.2.15 In case that deformities or amputations that do not allow for safe and secure fitting of the protective equipment or could represent a risk to the athlete or their opponents, competitive Kumite will not be permitted. In any doubt, the Referees should ask the doctor for the decision.

২.২.১৫ যেকোন শারীরিক অক্ষমতা বা প্রতিবন্ধকতার কারণে যদি নিরাপত্তা সরঞ্জাম সঠিক ও নিরাপদভাবে পরিধান করা সম্ভব না হয় যা প্রতিযোগী বা তাঁর প্রতিপক্ষকে নিরাপত্তা ঝুঁকিতে ফেলে দিবে সেক্ষেত্রে উক্ত প্রতিযোগীকে কুমিতে প্রতিযোগীতায় অংশগ্রহণ করার অনুমোদন দেয়া হবে না। কোন প্রকার সংশয় সৃষ্টি হলে সিদ্ধান্ত নেয়ার সুবিধার্থে রেফারী, ডাক্তারের সাথে কথা বলবে।

2.2.16 Competitors that appear at the competition area with unauthorized equipment or irregular Karategi will be given two minutes to correct the attire, and the Coach will automatically lose the right to coach that bout.

২.২.১৬ যদি কোন প্রতিযোগী অনুপযুক্ত পোশাক বা সরঞ্জামাদি পরে ম্যাটে আসে তবে তাকে সঠিকভাবে প্রস্তুত হওয়ার জন্য দুই মিনিট সময় দেওয়া হবে তবে উক্ত প্রতিযোগীর কোচ ঐ খেলায় কোচ হিসেবে দায়িত্ব পালনের অধিকার হারাবে।

2.3 Coaches

2.3.1 Coaches must at all times during the tournament, wear the official tracksuit of their National Federation and display their official identification with the exception of bouts for medals of official WKF events, where male Coaches are required to wear a dark suit, shirt and tie, while female Coaches may choose to wear a dress, pantsuit or a combination of jacket and skirt in dark colours.

২.৩.১ টুর্নামেন্ট চলাকালে কোচদেরকে সকল সময় তাদের জাতীয় ফেডারেশন কর্তৃক প্রদত্ত অফিসিয়াল ট্রাকসুট পরিধান করে থাকতে হবে এবং তাদের অফিসিয়াল আইডি প্রদর্শিত অবস্থায় রাখতে হবে। ব্যতিক্রম হলো : WKF এর অফিসিয়াল ইভেন্ট সমূহের মেডেল বাউটে, যেক্ষেত্রে পুরুষ কোচ গাঢ় রঙের সুট, শার্ট ও টাই পরিধান করবে এবং মহিলা কোচ গাঢ় রঙের ড্রেস, প্যান্ট সুট বা জ্যাকেট ও স্কার্টের সমন্বয়ে যেকোন একটি পরতে হবে।

2.3.2 In addition the following additions to attire are allowed:

a) A plain wedding band.

b) Voluntary religiously mandated headwear approved by the WKF.

২.৩.২ এর বাইরে যা পরিধান করার অনুমোদন রয়েছে তা নিম্নে বর্ণিত হলো ঃ

ক) চুলের জন্য এক রঙা ব্যান্ড

খ) WKF অনুমোদিত ঐচ্ছিক ধর্মীয় হিজাব ব্যবহার করতে পারবে।

2.3.4 The WKF Competition Supervisor, or the Organising Commission, can allow Coaches to instead of the track suit top to use the federations official team t-shirt or a plain coloured t-shirt without writing or logos.

২.৩.৪ WKF কম্পিটিশন সুপারভাইজার বা অরগানাইজিং কমিশন ইচ্ছা করলে, কোচদের, ট্র্যাকস্যুটের উপরের অংশের পরিবর্তে স্ব স্ব ফেডারেশনের টিমের অফিসিয়াল টি-শার্ট কিংবা কোন লেখা বা লোগো ছাড়া এক রঙা টি শার্ট পরিধানের অনুমোদন দিতে পারে।

ARTICLE 3: ORGANISATION OF KUMITE COMPETITIONS

অধ্যায় ৩ : কুমিতে প্রতিযোগীতা আয়োজনের প্রস্তুতি

3.1.1 Definitions

৩.১.১ সংজ্ঞা সমূহ

3.1.2 A “bout” refers to an individual bout between two Competitors.

৩.১.২ দুজন প্রতিদ্বন্দ্বী খেলোয়াড়ের মধ্যে একটি খেলাকে বাউট বলা হয়ে থাকে।

3.1.3 An “exchange” is the period preceding when the bout is halted, and the clock stopped.

৩.১.৩ বাউট বন্ধ হওয়ার এবং ঘড়ি বন্ধ করার পূর্ববর্তী সময়কে “exchange” বলা হয়।

3.1.4 A “match” is the total of all bouts between the members of two teams.

৩.১.৪ একটি ম্যাচ হলো দুটি দলের সদস্যদের মধ্যে সমস্ত বাউটের মোট সংখ্যা।

3.1.5 A “round” is a discrete stage in a competition leading to the eventual identification of finalists. In an elimination Kumite competition, a round eliminates fifty percent of Competitors within it, counting byes as Competitors. In this context, the round can apply equally to a stage in either primary elimination or repechage. In a matrix, or “Round-robin” competition, a round allows all Competitors in a group one performance against each of the other Competitors.

৩.১.৫ রাউন্ড বলতে বুঝায় একটা ইভেন্টের খেলার এক একটি ধাপকে, যার পর্যায়ক্রমে সমাপ্তির মাধ্যমে শেষ পর্যন্ত ফাইনালিস্ট বের হয়ে আসে। যখন Elimination Round পদ্ধতিতে খেলা হয় তখন এক একটি রাউন্ড শেষে উক্ত রাউন্ডে অংশ নেয়া মোট প্রতিযোগীর ৫০ শতাংশ প্রতিযোগী বিদায় হয়ে যায়। এর ভিতরে “Bye” প্রাপ্ত খেলাগুলোও অন্তর্ভুক্ত। এই যুক্তিতে Primary Elimination এবং Repechage উভয় পদ্ধতিতেই প্রত্যেক ধাপ রাউন্ড হিসেবে বিবেচিত হবে। রাউন্ড রবিন বা ম্যাট্রিক্স পদ্ধতিতে খেলা হলে রাউন্ড বলতে বুঝাবে যখন একটা পুলভুক্ত সকল খেলোয়াড়ের পরস্পর পরস্পরের সাথে খেলা শেষ হবে।

3.1.6 The term “group” is here used a bout the up to four competitors participating in one of the eight groups in the Round-robin phase elimination uses for individual Premier League competition.

৩.১.৬ গ্রুপ বলতে রাউন্ড রবিন পদ্ধতিতে প্রিমিয়ার লিগের খেলার সময় ৪ জন করে গঠিত ৮টি গ্রুপের প্রতিটিকে বুঝাবে।

3.1.7 The term “pool” is used for each half of competitors grouped together for the elimination phase.

৩.১.৭ পুল বলতে elimination ধাপে পৌছানো শেষ গ্রুপের অর্ধেককে নিয়ে করা গ্রুপকে বুঝাবে।

3.2 Weigh-in procedure

৩.২ ওজন গ্রহন পদ্ধতি

3.2.1 Rehearsal weighing

Competitors shall be allowed to check their weight on the official weigh-in scales (that will be used for the official weigh-in) from one hour before the official weigh-in commences. There is no limit to the numbers of times each Competitor may check his weight during the time of the unofficial weigh-in.

৩.২.১ ওজনের মহড়া

অফিসিয়াল ওজন গ্রহনের এক ঘন্টা আগে থেকে অফিসিয়াল ওজন স্কেলে প্রতিযোগীরা নিজেদের ওজন পরীক্ষা করে দেখতে পারবে এবং যতবার ইচ্ছা ততবার অনানুষ্ঠানিকভাবে ওজন পরীক্ষা করতে পারবে।

3.2.2 Official weighing:

অনুষ্ঠানিক ওজন গ্রহনঃ

a) Place:

The weight control will take place always in only one place. The possibilities to host this control are the competition venue, the official hotel or the village (To be announced for each event). Organizers must provide separate rooms for men and women.

ক) স্থানঃ

ওজন নেয়ার পুরো প্রক্রিয়া একটি সুনির্দিষ্ট স্থানে হতে হবে। এই স্থানটি হতে পারে প্রতিযোগিতার ভ্যানু, অফিসিয়াল হোটেল বা গেম ভিলেজ এ। পুরুষ এবং নারীদের ওজন গ্রহনের জন্য আয়োজকদের অবশ্যই আলাদা কক্ষ বরাদ্দ করতে হবে।

b) Scales:

If the official scale shows a higher weight than the scale provided for test weighing the Competitor can demand to be weighed again applying the weight shown on the test scale as the official result of the weigh-in.

The host NF should provide enough calibrated electronic scales (at least 4 units) showing only one decimal place, e.g. 51.9 Kg, 104.6 kg. The scale should be placed on a solid floor that is not carpeted.

খ) ওজন স্কেলঃ

যদি যে ওজন স্কেল অনানুষ্ঠানিক ওজন পরীক্ষা করার জন্য ব্যবহার করা হয়েছিল সেটি থেকে ভিন্ন কোন স্কেলে অনানুষ্ঠানিক ওজন নেয়া হয় এবং ওজন পূর্ববর্তী স্কেলে প্রদর্শিত ওজনের চাইতে বাড়তি ওজন প্রদর্শন করে, সেক্ষেত্রে প্রতিযোগী পূর্ববর্তী স্কেলে প্রাপ্ত ওজনের ভিত্তিতে পুনরায় ওজন নেয়ার জন্য আবেদন করতে পারবে। আয়োজক সংস্থা/ফেডারেশন প্রয়োজনীয় সংখ্যক ইলেক্ট্রনিক স্কেল (নূন্যতম ৪টি) সরবরাহ করবে যেগুলো ১ ডেসিমেল একক পর্যন্ত ফলাফল প্রদর্শন করবে; উদাহরণ স্বরূপঃ ৫১.৯ কেজি, ১০৪.৬ কেজি।

c) Time:

Weigh-in must take place at the latest the day before the day of competition for the category, unless specified otherwise for a specific competition. The official weigh-in time for WKF events will be duly announced on the bulletin. For any other events this information will be distributed in advance through the OC communication channels. It is the responsibility of the

Competitor to be aware of this information. A Competitor that does not turn up for the weigh-in period or fails to weigh within the prescribed limits for the category in which the Competitor is registered, will be disqualified (KIKEN).

গ) ওজন নেয়ার সর্বশেষ সময়সীমা হবে প্রতিযোগীতার আগের দিন, যদিও ভিন্ন কোন প্রতিযোগীতার জন্য অন্য কোন সময় সুনির্দিষ্ট করা হয়ে থাকে। WKF এর অফিসিয়াল ইভেন্ট সমূহের ওজন নেয়ার সময় বুলেটিন আকারে প্রকাশ করা হবে। অন্য সকল ইভেন্টের ক্ষেত্রে এই তথ্য অরগানাইজিং কমিটি তাঁর নিজস্ব প্রক্রিয়ায় আগে থেকেই জানিয়ে দিবে। এই ব্যাপারে অবগত হওয়ার ব্যাপারে প্রতিযোগী নিজেকেই দায়িত্ববান হতে হবে। যদি কোন প্রতিযোগী ওজন নেয়ার সময় উপস্থিত হতে ব্যর্থ হয় বা তাঁর নাম অন্তর্ভুক্ত ওজনসীমার মধ্যে তাঁর ওজন নিশ্চিত করতে ব্যর্থ হয় সেক্ষেত্রে সে অযোগ্য ঘোষিত হবে।

d) Tolerance:

The tolerances admitted are 0.2 kg for all male categories and 0.5 kg for all female categories. The same tolerance applies to both the upper and lower limits of a weight class.

ঘ) গ্রহনযোগ্য সীমাঃ

পুরুষ বিভাগে ক্ষেত্রে ওজনের তারতম্যের গ্রহনযোগ্য সীমা হলো ০২ কেজি এবং নারী বিভাগের ক্ষেত্রে ০৫ কেজী। এই তারতম্যের সীমা একটি ওজন শ্রেণীর উর্ধ্ব-সীমা এবং নিম্নসীমা উভয় ক্ষেত্রে প্রযোজ্য হবে।

e) Procedure:

A minimum of two WKF officials are required at the weigh-in for each gender. One to check the accreditation/passport of the Competitor and one to record the exact weight on the official weigh-in list. An additional six staff members (official/volunteers) supplied by the host NF should also be available to control the flow of Competitors. Twelve chairs must be supplied. To protect the privacy of the Competitors, officials as well as the staff members supervising the weigh-in, must be of the same gender as the Competitors.

1. The official weigh-in will be done category by category and Competitor by Competitor.
2. All Coaches and other team delegates must leave the weigh-in room before the start of the official weigh-in.
3. The Competitor is allowed to stand on the scales only once during the official weigh-in period.

4. Each Competitor shall bring to the weigh-in their accreditation card issued for the event and shall present it to the official, who will verify the identity of the Competitor.
5. The official then invites the Competitor to stand on the scales.
6. The Competitor shall weigh-in wearing only underclothing (men/boys – underpants, women/girls – underpants and bra). Any socks or additional complements must be removed.
7. The official supervising the weigh-in shall note and record the Competitor's weight in kilograms (accurate to one decimal point of a kilogram)
8. The Competitor steps off the scales.

NOTE: Photography or filming is not permitted in the weigh-in area. This includes the use of mobile phones and all other devices.

ঙ) ওজন গ্রহন পদ্ধতিঃ

- ওজন নেয়ার সময় নূন্যতম দুজন WKF official উপস্থিত থাকতে হবে। এর ভিতর একজন প্রতিযোগীদের এক্রিডেশন কার্ড/পাসবুক চেক করবে এবং অপরজন প্রতিযোগীর প্রাপ্ত ওজন অফিসিয়াল রেকর্ডে লিপিবদ্ধ করবে। এর বাইরে ওজন গ্রহন প্রক্রিয়ায় খেলোয়াড়দের শৃংখলা রক্ষার সুবিধার্থে আয়োজক সংস্থা আরো ছয়জন স্টাফ মেম্বর/ভলান্টিয়ার/অফিসিয়াল সরবরাহ করবে। মোট ১২ টি চেয়ার সরবরাহ করতে হবে। খেলোয়াড়দের ব্যক্তিগত গোপনীয়তা প্রতি সম্মান দেখানোর দিকে লক্ষ্য রেখে ওজন প্রক্রিয়ার সাথে সম্পর্কযুক্ত সকল স্টাফ মেম্বর অবশ্য খেলোয়াড়দের সমলিঙ্গের হতে হবে।
- ১) অফিসিয়াল ওজন গ্রহন প্রক্রিয়া ক্যাটাগরীর ও খেলোয়াড়দের ধারাবাহিকতা বজায়ে রেখে সম্পন্ন করতে হবে।
 - ২) ওজন নেয়ার প্রক্রিয়া শুরুর পূর্বে টিম সমূহের কোচ ও অন্যান্য অফিসিয়াল প্রতিনিধিবৃন্দ অজন গ্রহনের জন্য বরাদ্দকৃত কক্ষ থেকে বেরিয়ে যাবে।
 - ৩) অফিসিয়াল অজন নেয়া শুরু হলে একজন খেলোয়াড়কে কেবলমাত্র একবার ওজন স্কেলে দাঁড়ানোর সুযোগ দেয়া হবে।
 - ৪) ওজন নেয়ার সময় প্রত্যেক প্রতিযোগীকে, তাদের সনাক্ত করনের স্বার্থে, নিজ নিজ এক্রিডেশন কার্ড সাথে রাখতে হবে। যা অজন গ্রহন প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত অফিসিয়ালদেরকে প্রদর্শন করতে হবে।
 - ৫) এরপর ওজন গ্রহন কর্মকর্তাগন অজন প্রদানের জন্য খেলোয়াড়দের আহ্বান করবে।
 - ৬) খেলোয়াড়গন ওজন প্রদানের সময় কেবল মাত্র নিম্ন লিখিত পোশাক পরিধান করতে পারবেঃ
 - পুরুষ প্রতিযোগীগন আন্ডারপ্যান্ট পরিধান করবে।
 - নারী প্রতিযোগীগন আন্ডারপ্যান্ট এবং বক্ষবন্ধনী পরিধান করবে।এর বাইরে মৌজা বা অন্য কোন প্রকার পরিধেয় শরীরে থাকতে পারবে না।
 - ৭) ওজন গ্রহন প্রক্রিয়া তদারককারী কর্মকর্তাগন খেলোয়াড়দের থেকে সংগৃহীত অজন কিলোগ্রামে লিপিবদ্ধ করবে (ওজন ১ ডেসিমেল একক পর্যন্ত লিপিবদ্ধ করবে)।
 - ৮) এরপর প্রতিযোগী অজন স্কেল থেকে নেমে যাবে।
- নোটঃ ওজন গ্রহন প্রক্রিয়ায় কোন প্রকার ছবি তোলা বা ভিডিও করা যাবে না। এই নিষেধাজ্ঞার মধ্যে মোবাইল ও অন্যান্য ডিভাইসের ব্যবহারও অন্তর্ভুক্ত।

3.3 Competition formats

৩.৩ প্রতিযোগীতার ফরমেট

3.3.1 Karate kumite competition take the forms of individual competition divided by gender, age groups, and weight categories and/or team competition divided by gender without weight categories.

৩.৩.১ একটি কারাতে টুর্নামেন্টে কুমিতে প্রতিযোগীতাকে দলীয় প্রতিযোগীতা এবং ব্যক্তিগত প্রতিযোগীতায় ভাগ করা হয়ে থাকে। ব্যক্তিগত প্রতিযোগীতা লিঙ্গ ভিত্তিক, বয়স ভিত্তিক এবং ওজন বিভাগে বিভক্ত করা হয়। এছাড়া কোন দলীয় প্রতিযোগীতা হবে পুরুষ ও নারী বিভাগে বিভক্ত যেখানে ওজন শ্রেণীর কোন উল্লেখ বা বিভাজন প্রয়োজন নেই।

3.3.2 The elimination system with repechage will be applied unless otherwise is pre-determined for a specific competition or series of tournaments.

৩.৩.২ টাই এর ক্ষেত্রে অন্য কোন প্রক্রিয়া নির্দিষ্টভাবে নির্ধারিত না হলে সকল টুর্নামেন্টে রিপিচেজ সহ ইলিমিনেশন রাউন্ড ব্যবস্থা প্রয়োগ করা হবে।

3.3.3 For individual competition in Premier League, the Round-robin system followed by quarterfinals, semi-finals and final is applied. The maximum 32 Competitors per category are divided in 8 groups of 4 Competitors and the winners of each group then compete in the quarter finals followed by semi-finals and final.

৩.৩.৩ প্রিমিয়ার লিগের ব্যক্তিগত ইভেন্টে প্রাথমিক পর্যায়ের খেলা হবে রাউন্ড রবিন পদ্ধতিতে এবং পরবর্তী পর্যায়ে কোয়ার্টার ফাইনাল, সেমি-ফাইনাল এবং ফাইনাল প্রযোজ্য হবে।

3.3.4 For multiple sport games, such as continental games, Olympic Games, or other multisport events, the format of competition will be determined for each event depending on modalities included and restriction in participation. The format used is normally a two-pool system where the winners of the pools go to the final, while number 2 of the one pool will face number 3 of the other pool and vice versa to meet for the two bronze medals.

৩.৩.৪ মাল্টিপল গেমসভূক্ত টুর্নামেন্ট যেমন কন্টিনেন্টাল গেমস, অলিম্পিক গেমস, এবং অন্যান্য মাল্টিস্পোর্টস ইভেন্টের ক্ষেত্রে প্রতিযোগীতার ফরমেট হবে আয়োজক সংস্থা কতৃক নির্ধারিত পদ্ধতিতে এবং অংশগ্রহণকারীদের সংখ্যার সীমাবদ্ধতাকে বিবেচনায় রেখে। সাধারণত দুই পুল বিশিষ্ট ফরম্যাট ব্যবহৃত হয় যেখানে উভয় পুলের বিজয়ীদ্বয় ফাইনালে প্রতিদ্বন্দ্বীতা করবে এবং ২য় স্থান অধিকারীদ্বয় বিপরীত পুলের ৩য় স্থান অধিকারীদ্বয়ের সাথে ব্রোঞ্জ মেডেলের জন্য প্রতিদ্বন্দ্বীতা করবে।

3.4 Seeding

- 3.4.1 For WKF World and Continental Championships, and Karate 1 - Premier League, the eight highest ranked Competitors present at the competition are seeded by their respective ranking in the WKF World Ranking as per the day before the competition are seeded.
- ৩.৪.১ WKF World এবং Continental Championship এর জন্য আগের ম্যাচ থেকে চারজন পদক বিজয়ী (গোল্ড, সিলভার, এবং দুইজন ব্রোঞ্জ) বাছাই করা হয়। কারাতে ১, প্রিমিয়ার লীগের জন্য প্রতিযোগীতার জন্য আগের দিন WKF বিশ্ব র‍্যাঙ্কিং- এর আটজন শীর্ষস্থানীয় প্রতিযোগীকে বাছাই করা হয়।

3.5 Failure to appear at the competition area

- 3.5.1 Individual Competitors or teams that do not present themselves when called will be disqualified (KIKEN) from that category. In team matches the score for the bout not taking place will then be set to 8-0 in favour of the other team. Disqualification by KIKEN means that the Competitors are disqualified from that category, although it does not affect participation in another category.
- ৩.৫.১ নাম ঘোষণা করার পর যদি কোন একক প্রতিযোগী কিংবা দল অনুপস্থিত থাকে তখন তাকে উক্ত ক্যাটাগরি বিভাগ থেকে বাদ (KIKEN) দেয়া হবে। দলগত ম্যাচে, বাউট না হওয়ায়, স্কোর তখন বিজয়ী দলের পক্ষে ৮-০ সেট করা হবে। KIKEN এর মাধ্যমে বাতিল হওয়ার অর্থ ঐ একটি নির্দিষ্ট বিভাগ থেকে বাদ যাওয়া, কিন্তু এটি অন্য বিভাগে অংশগ্রহণ করাকে প্রভাবিত করবে না।
- 3.5.2 When announcing disqualification by KIKEN the Referee will signal by pointing his/her finger towards the side of the missing Competitor or team, announcing “AKA/AO KIKEN”, and then “AKA/AO no KACHI” giving the signal for KACHI (win) for the opponent.
- ৩.৫.২ KIKEN দ্বারা অযোগ্য ঘোষণা করার সময় রেফারি অনুপস্থিত প্রতিযোগী বা দলের দিকে তার আঙ্গুল নির্দেশ করবে এবং মুখে উচ্চারণ করবে (Aka/Ao-Kiken) এবং অপর পক্ষের দিকে হাত তুলে বিজয়ী (KACHI) হিসেবে ঘোষণা করবে।

3.6 Number of competitors per team

- 3.6.1 Male teams comprise five to seven members with five competing in a round. A male team must present minimum five competitors for the initial round and a minimum of three competitors to be allowed to participate in any following round.
- ৩.৬.১ পুরুষ দলের মোট সদস্য সংখ্যা হয় ৭জন, যার ভেতর থেকে ৫জন একটি রাউন্ডে প্রতিদ্বন্দ্বিতা করে। প্রাথমিক রাউন্ডের শুরুতে অবশ্যই ৫ জন খেলোয়াড়কে উপস্থিত হতে হবে এবং পরবর্তী রাউন্ড সমূহে ৩ জন করে অংশগ্রহণ করতে অনুমোদন দেয়া হবে।

3.6.2 Female teams comprise three to four members with three competing in a round. A female team must present minimum three competitors for the initial round and a minimum of two competitors to be allowed to participate in any following round.

৩.৬.২ নারী দলের মোট সদস্য হয় ৪ জন যার ভেতর থেকে ৩ জন একটি রাউন্ডে প্রতিদ্বন্দ্বিতা করে। প্রাথমিক রাউন্ডের শুরুতে অবশ্যই ৩ জন খেলোয়াড়কে উপস্থিত হতে হবে এবং পরবর্তী রাউন্ড সমূহে ২ জন করে অংশগ্রহণ করতে অনুমোদন দেয়া হবে।

3.6.3 In team kumite competition there are no fixed reserves.

৩.৬.৩ টিম কুমিতে প্রতিযোগীতায় কোন সংরক্ষিত খেলোয়াড় থাকতে পারবেনা।

3.7 Fighting order for teams

৩.৭ টিমের লড়াইয়ের ক্রম

3.7.1 Before each match, a team representative must hand to the official table, an official form defining the names and fighting order of the competing team members.

৩.৭.১ প্রতিটি ম্যাচের আগে, প্রতিটি দলের প্রতিনিধিকে, ম্যাচের অফিসিয়াল টেবিলে, একটি অফিসিয়াল ফর্ম পূরণ করে জমা দিতে হবে যাতে প্রতিযোগী দলের সদস্যের নাম এবং লড়াইয়ের ক্রম উল্লেখিত থাকবে।

3.7.2 The fighting order form can be presented by the Coach or a nominated Competitor from the team. If the Coach hands in the form, he/she must be clearly identifiable as such; otherwise, it can be rejected. The list must include the name of the country, the belt colour allocated to the team for that match and the fighting order of the team members. Both the Competitors' names and their tournament numbers must be included, and the form must be signed by the coach or a nominated person.

৩.৭.২ খেলোয়াড়দের লড়াইয়ের ক্রমের ফর্ম কোচ বা দলের কোন মনোনীত খেলোয়াড় জমা দিতে পারবে। যদি কোচ জমা দেয়, তবে কোচ হিসেবে তার স্পষ্ট সনাক্তকরণ এর প্রমাণ সাথে রাখতে হবে, অন্যথায় উক্ত ফর্ম গৃহীত হবে না। উক্ত লিস্টে প্রতিযোগী দলের দেশ বা ক্লাবের নাম, ওই ম্যাচের জন্য যে রঙের বেল্ট তাদের দলের জন্য বরাদ্দ হয়েছে তা, খেলোয়াড়দের লড়াইয়ের ক্রম, তাদের নাম ও প্রতিযোগীর টুর্নামেন্ট নম্বর উল্লেখ থাকতে হবে। কোচ বা দলের মনোনীত ব্যক্তি দ্বারা উক্ত ফর্ম স্বাক্ষরিত থাকতে হবে।

3.7.3 Coaches must present their accreditation together with that of their competitor or team to the Coach Supervisor or Kansa Assistant. The Coach must sit in the chair provided and must not interfere with the smooth running of the bout by word or deed.

৩.৭.৩ কোচদের অবশ্যই তার নিজের, প্রতিযোগী বা দলের accreditation card অফিসিয়াল টেবিলে উপস্থাপন করতে হবে। কোচকে অবশ্যই তাদের জন্য প্রদত্ত চেয়ারে বসতে হবে এবং কোন প্রকার কথা বা কাজের মাধ্যমে বাউন্ডের পরিচালনায় হস্তক্ষেপ করবে না।

3.7.4 When lining up before a match, a team will present the actual fighters for that round. The unused fighter(s) and the Coach will not be included and shall sit in an area set aside for them.

৩.৭.৪ একটি ম্যাচের আগে সারিবদ্ধ হওয়ার সময়, একটি দল সেই রাউন্ডের জন্য কেবলমাত্র প্রতিদ্বন্দ্বিতাকারী খেলোয়াড়দের উপস্থাপন করবে। অব্যবহৃত খেলোয়াড় এবং কোচকে উপস্থাপন করা হবে না এবং তারা, তাদের জন্য বরাদ্দকৃত জায়গায় বসবে।

3.7.5 The participants can be selected for each round from the full team. Their fighting order can be changed for each round provided the new fighting order is notified before the round, but once notified; it cannot then be changed until that round is completed.

৩.৭.৫ প্রতি রাউন্ডের অংশগ্রহণকারীদের দলের মোট সদস্যের পূর্ণাঙ্গ তালিকা থেকে মনোনীত করতে হবে। প্রতি রাউন্ডেই এই লড়াইয়ের ক্রম পরিবর্তন করা যাবে। তবে তার জন্য বাউট শুরুর আগেই অফিসিয়াল টেবিলে জানাতে হবে। একবার নাম জমা দিয়ে দিলে পরবর্তী রাউন্ড শুরুর আগে তা পরিবর্তন করা যাবে না।

3.7.6 The team will be disqualified (SHIKKAKU) if any of its members or its Coach changes the team's composition or fighting order without written notification prior to the round.

৩.৭.৬ যদি অংশগ্রহণকারী দলের কোন সদস্য বা কোচ রাউন্ড শুরুর আগে প্রদত্ত লড়াইয়ের ক্রমের কোন পরিবর্তন করে তা হলে উক্ত দল ইভেন্টে অংশগ্রহণে অযোগ্য (SHIKKAKU) ঘোষিত হবে।

3.7.7 If, through an error in charting, the wrong Competitors compete, then regardless of the outcome, that bout/match is declared null and void. To reduce such errors the Score Supervisor must confirm the winning Competitor/Team with the software technician immediately after the bout/match.

৩.৭.৭ যদি চার্টিংয়ের ত্রুটির মাধ্যমে ভুল প্রতিযোগী প্রতিদ্বন্দ্বিতা করে তাহলে ফলাফল যাইহোক না কেন সেই বাউট/ ম্যাচটি বাতিল ঘোষণা করা হবে। এই ধরনের ত্রুটি কমাতে প্রতিটি বাউট/ ম্যাচের বিজয়ীকে অবশ্যই এলাকা ছাড়ার আগে অফিসিয়াল টেবিলে তার জয় নিশ্চিত করতে হবে।

3.7.8 In team matches where an individual loses on account of receiving KIKEN, HANSOKU or SHIKKAKU, any score for the disqualified Competitor will be set to zero, and a score of 8-0 will be recorded for that bout in favour of the other team.

৩.৭.৮ যদি কোন দল KIKEN, Hansoku বা Shikkaku প্রাপ্ত হয় তখন উক্ত দলের প্রাপ্ত স্কোর পরিবর্তন করে শূন্য হিসেবে এবং প্রতিদ্বন্দ্বী দল বিজয়ী হিসেবে ৮ স্কোর প্রাপ্ত হিসেবে রেকর্ড করা হবে।

3.8 Round-robin elimination system

৩.৮ রাউন্ড রবিন ইলিমিনেশন পদ্ধতি

3.8.1 In Premier League competition the 32 participants are divided in 8 groups of 4 competitors. The winner of each of the eight groups go on to regular quarterfinals, semi-finals and final. The losers to the finalists in the quarter- and semi-finals compete for the bronze medals.

৩.৮.১ প্রিমিয়ার লীগের খেলায় ৩২ জন প্রতিযোগীকে ৪ জন বিশিষ্ট ৮টি গ্রুপে ভাগ করা হয়। প্রতি গ্রুপের বিজয়ী পরবর্তীতে নিয়মিত প্রক্রিয়ায় কোয়ার্টার ফাইনাল, সেমি-ফাইনাল ও ফাইনালে খেলবে। ফাইনালে যাওয়া প্রতিযোগীদের কাছে কোয়ার্টার ফাইনাল ও সেমি-ফাইনালে পরাজিত খেলোয়াড়েরা পরস্পর পরস্পরের সাথে ব্রোঞ্জ মেডেলের জন্য প্রতিদ্বন্দ্বীতা করবে।

3.8.2 According to the number of Competitors (32 or less) the allocation to groups will be as per the following table:

৩.৮.২ প্রতিযোগীর সংখ্যা অনুসারে গ্রুপ সমূহে প্রতিযোগীদের বিন্যাস হবে নিচের টেবিল অনুসারেঃ

Number of Competitors/Groups	Competitors per group								Notes
8 Groups	1	2	3	4	5	6	7	8	Participation: 24-32 Competitors
Seed ▶	6	3	7	2	5	4	8	1	
32	4	4	4	4	4	4	4	4	The first of each Group qualify.
31	4	4	4	4	4	4	4	3	
30	4	4	4	3	4	4	4	3	
29	4	3	4	3	4	4	4	3	
28	4	3	4	3	4	3	4	3	
27	4	3	4	3	3	3	4	3	
26	3	3	4	3	3	3	4	3	
25	3	3	3	3	3	3	4	3	
24	3	3	3	3	3	3	3	3	
6 Groups	1	2	3	4	5	6	7	8	Participation: 23-28 Competitors
Seed ▶	6	3		2	5	4		1	
23	4	4		4	4	4		3	The first of each Group and the two best seconds qualify.
22	4	4		3	4	4		3	
21	4	3		3	4	4		3	
20	4	3		3	4	3		3	
19	4	3		3	3	3		3	
18	3	3		3	3	3		3	
5 Groups	1	2	3	4	5	6	7	8	Participation: 17 Competitors
Seed ▶		3		2	5	4		1	
17		3		3	4	4		3	The first of each Group and the three best seconds qualify.
4 Groups	1	2	3	4	5	6	7	8	Participation: 12-16 Competitors
Seed ▶		3		2		4		1	
16		4		4		4		4	The first and second of each Group.
15		4		4		4		3	
14		4		3		4		3	
13		3		3		4		3	
12		3		3		3		3	
3 Groups	1	2	3	4	5	6	7	8	Participation: 9-11 Competitors
Seed ▶		3		2				1	
11		4		4				3	The first and second of each Group, as well as the best two number threes qualify.
10		4		3				3	
9		3		3				3	
2 Groups	1	2	3	4	5	6	7	8	Participation: 6-8 Competitors
Seed ▶				2				1	
8				4				4	

7				4			3	The first and second of each Group, will compete directly in the semifinals.
6				3			3	
1 Group	1	2	3	4	5	6	7	8
Seed ►								1
5								5
4								4
3								3
								Final between first and second of the Group, and only one bronze medal bout.

3.8.4 Should there be an odd number of participants (due to forfeiture or injury) that place will be considered as a bye for the Competitors for the bouts that do not take place. Should this happen during the competition itself - any bouts already fought against the Competitor not completing the Round-robin should be considered a bye for the previous opponents.

৩.৮.৪ বেজোড় সংখ্যক প্রতিযোগী বিশিষ্ট ইভেন্টে অনুপস্থিত প্রতিযোগীর বিপরীতে বাকিরা সবাই **bye** প্রাপ্ত হয়েছে বলে বিবেচিত হবে। যদি রাউন্ড চলাকালীন সময়ে বাউট চালিয়ে যেতে অপারগতার বিষয়টি ঘটে সেক্ষেত্রে পূর্ববর্তী সকল বাউটের প্রতিদ্বন্দ্বীরা **bye** প্রাপ্ত হয়েছে বলে ধরে নিতে হবে।

3.8.5 Should a competitor be disqualified, or for other reason not complete all bouts in the Round- robin the scores of completed or current bouts will be declared nil (results nullified), and its points forfeited unless it is the last bout of the Round-robin elimination, in which case all the previous results and points remain unchanged.

৩.৮.৫ রাউন্ড-রবিন পদ্ধতির প্রতিযোগীতায় যদি একজন প্রতিযোগী অযোগ্য ঘোষিত হয় বা অন্যকোন কারনে সবগুলো বাউটের খেলা শেষ করতে অপারগ হয় সেক্ষেত্রে তাঁর চলমান বাউট সহ পূর্ববর্তী সকল বাউটের ফলাফল বাতিল ঘোষিত হবে এবং প্রদত্ত পয়েন্টসমূহ প্রত্যাহার করে নেয়া হবে। তবে বাউট চালিয়ে যেতে অপারগতার ঘটনাটি যদি এই প্রতিযোগীর শেষ বাউটে হয় সেক্ষেত্রে, পূর্ববর্তী ফলাফল ও পয়েন্ট অপরিবর্তিত থাকবে।

3.8.6 The winner and runners-up of each pool is determined by the most won bouts by counting wins as three points each, a draw where points are scored as 1 point - and a draw with no points scored, or a loss, as zero.

৩.৮.৬ প্রত্যেক পুলের ১ম ও ২য় স্থান অধিকারি নির্ধারিত হবে জয়ী ম্যাচের সংখ্যার ভিত্তিতে যেখানে প্রত্যেক জয়ের বিপরীতে ৩ পয়েন্ট, ড্রয়ের বিপরীতে ১ পয়েন্ট যেক্ষেত্রে খেলায় পয়েন্ট হয়েছে এবং পয়েন্ট বিহীন ড্রয়ের ও পরাজিত ম্যাচের বিপরীতে শূন্য পয়েন্ট প্রাপ্ত হয়েছে বিবেচনা করতে হবে।

3.8.7 The winners of the semi-finals will then go on the final where they compete for gold and silver.

৩.৮.৭ সেমিফাইনালে বিজয়ীরা ফাইনালে অগ্রসর হবে এবং স্বর্ণ ও রৌপ্য পদকের জন্য লড়াই করবে।

3.8.8 Those who have lost to the finalists in the quarter finals and semi-finals will compete for the bronze medals (One for group 1-4 and one for group 5-8).

৩.৮.৮ যারা কোয়ার্টার ফাইনাল ও সেমি-ফাইনালে পরাজিত হয়েছে তারা ব্রোঞ্জ মেডেলের জন্য লড়াই করবে (গ্রুপ ১-৪

এর জন্য একটি এবং গ্রুপ ৫-৮ এর জন্য একটি খেলা হবে)

3.8.9 In cases where there is a tie between two or more Competitors in a group, having the same number of total points, the criteria below will be applied in the specified order. This means, if a winner is found after one of the criteria, the following criteria will not have to be applied.

- 1) Winner(s) of the bout(s) between the two or more relevant Competitors.
- 2) Higher number of total scores obtained in favour through all bouts.
- 3) Lower number of total scores got against through all bouts.
- 4) Higher number of IPPONs in favour through all bouts.
- 5) Lower number of IPPONs against through all bouts.
- 6) Higher number of WAZA-ARIs in favour through all bouts.
- 7) Lower number of WAZA-ARIs against through all bouts.
- 8) The highest World Ranking at the date of the competition.

For each pair compared the criteria must be considered from the beginning of the list.

